229

দৈনিক ইনকিলাব

তারিখ: DEC. 1 9 1999
পৃষ্ঠা: 2 কলাম: 2

# শত শত ছাত্রের রক্ত ঝরিয়ে শান্তির সংস্কৃতিতে প্রধানমন্ত্রী ডক্টরেট ডিগ্রী গ্রহণ হাস্যকর

## —যুব কমান্ড

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** জাতীয় যুব কমান্ড কেন্দ্রীয় কমিটির সভাপতি বিএম নাজমুল হক এবং সেক্রেটারী জেনারেল আবু নাসের মোহাম্মদ রহমতুল্লাহ ,বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে মুহূর্তে শান্তির সংস্কৃতি প্রতিষ্ঠায় অবদানের স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রী নিচ্ছেন সেই মুহূর্তে শত শত ছাত্র নেতা-কর্মীকে তার লেলিয়ে দেয়া পুলিশের আক্রমণের দৃশ্য সংবাদপত্রে ছাপা হয়েছে তাতে প্রধানমন্ত্রীর ঐ ডিগ্রী জাতির সামনে হাস্যকর হয়ে দাঁড়িয়েছে। তারা ছাত্র নেতৃবৃন্দের ওপর হামলার সুষ্ঠু তদন্ত ও দায়ী পুলিশ কর্মকর্তাদের বিচার দাবী করে গ্রেফতারকৃত নেতৃবৃন্দের নিঃশর্ত মুক্তি দাবী করেছেন।

যুব কমান্ড নেতৃদ্বয় গতকাল (শনিবার) এক বিবৃতিতে গত ১৭ ডিসেম্বর ঢাকায় জাতীয়তাবাদী ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির জাতীয় ছাত্র সমাজ, ছাত্র মজলিস, জাগপা ছাত্রলীগ ও গণতান্ত্রিক ছাত্রলীগের শান্তিপূর্ণ মিছিলে বিনাউস্কানিতে পুলিশী বর্বর হামলা এবং ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসিরুদ্দিন পিন্টুসহ শতাধিক নেতা-কর্মীকে গ্রেফতারের ঘটনায় তীব্র সমালোচনা ও নিন্দা জ্ঞাপন করতে গিয়ে একথা বলেন।

### সাবেক প্রেসিডেন্ট এরশাদের সাথে অসৌজন্যতার নিন্দা

যুব কমান্ডের কেন্দ্রীয় সভাপতি বিএম নাজমুল হক এবং সেক্রেটারী জেনারেল আবু নাসের মোহাম্মদ রাহমাতুল্লাহ অপর এক বিবৃতিতে গত ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে জাঃ পাঃ চেয়ারম্যান ও সাবেক প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের ওপর আওয়ামী সন্ত্রাসীদের হামলা এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসের কুচকাওয়াজে আমন্ত্রণ জানিয়ে যথাযথ সম্মান প্রদর্শন না করায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। তারা সাবেক প্রেসিডেন্ট এরশাদের ওপর হামলাকারীদের এবং প্যারেড স্কোয়ারে অসৌজন্য আচরণের জন্য দায়ী ব্যক্তিদের শাস্তি দাবী করেন।